
DHAKA POST

প্রচ্ছদ / প্রবাস

# অস্ট্রেলিয়া থেকে বাংলাদেশে টিকা পাঠাতে শতাধিক সংগঠনের সংহতি

মোশারফ হোসেন নির্জন, অস্ট্রেলিয়া
০১ আগস্ট ২০২১, ০৯:৪২ পিএম




**দেশের প্রতি গভীর মমত্ববোধ থেকে কোভিডকালীন সহায়তার হাত বাড়িয়ে দিতে সংহতি প্রকাশ করেছেন অস্ট্রেলিয়ায় অবস্থানরত প্রায় শতাধিক বাংলাদেশি সংগঠন। দেশটির উদ্বৃত্ত থাকা প্রায় পাঁচ মিলিয়ন টিকা মাতৃভূমিকে পাইয়ে দেওয়ার জন্য গত চার মাস ধরেই বেশকিছু বাংলাদেশি কাজ করছেন এবং মূলধারার নীতি নির্ধারকদের কাছে বিষয়টি উথাপন করেছেন। বিষয়টি গড়ায় সংসদেও। মোটা দাগের অনলাইন স্বাক্ষর হলে আবেদনটি সংসদে পাস হওয়ার প্রতিশ্রুতি পান বাংলাদেশিরা।**

রোববার (১ আগস্ট) সন্ধ্যায় এক গুরুত্বপূর্ণ ভার্চুয়াল সভায় যোগ দেন অস্ট্রেলিয়ায় বাংলাদেশিদের জন্য নিবেদিত বিভিন্ন ঘরানার বাংলা সংগঠনের নেতারা।

আলোচনায় অস্ট্রেলিয়ায় অব্যবহৃত অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার ভ্যাকসিন উপহার হিসেবে বাংলাদেশে পাঠানোর অনুমোদনকে সাফল্যমণ্ডিত করতে সবার মতামত বিনিময় ও সক্রিয় ভূমিকা রেখে এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন বক্তারা। তাছাড়া অনুদানসহ আরও বিভিন্ন প্রক্রিয়ায় বাংলাদেশকে সহায়তা করার সম্ভাব্য উপায় নিয়েও মতবিনিময় হয়।

সভায় অস্ট্রেলিয়ায় অভিবাসী ও নাগরিক বিষয়ক মন্ত্রী আলেক্স হক অংশ নেন। তিনি জানান, আমরা চাই না বাংলাদেশ ভারতের মতো বিপর্যয়ে পড়ুক। অবশ্যই অস্ট্রেলিয়া বাংলাদেশের পাশে থাকবে, আমি এই বিষয়টি সংসদে উত্থাপন করব। আলোচনায় আরও অংশ নেন অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়ালেস শাখার লিবালের পার্টির সভাপতি ও সাবেক মন্ত্

বাংলাদেশের পক্ষ থেকে অস্ট্রেলিয়ায় বাংলাদেশের হাইকমিশনার সুফিউর রহমান কমিউনিটির সবার অংশগ্রহণকে সাধুবাদ জানান। তিনি একসঙ্গে কাজ করাকে ইতিবাচক বলে উল্লেখ করেন। অস্ট্রেলিয়ার সবকটি রাজ্য ও শহর থেকে অংশ নেওয়া সংগঠক, সাংবাদিক, সাবেক ও বর্তমান কাউন্সিলরসহ আরও অনেক গণ্যমান্য ব্যক্তিও মতবিনিময় করেন। বক্তাদের অনেকে বাংলাদেশে নিজস্ব উপায়ে ভ্যাকসিন উৎপাদন সক্ষমতা অর্জন, অন্যান্য মেডিকেল সরঞ্জাম সহজলভ্যতার ব্যাপারে প্রবাস থেকে সহায়তা দেওয়ার সম্ভাবনাগুলো নিয়ে আলোচনা করেন।

টিকা পাঠানোর এ কার্যক্রম গতিশীল করতে শুরু থেকেই কাজ করছেন কামরুল চৌধুরী ও ডাক্তার আইয়াজ চৌধুরী। তাদের সঙ্গে আরও যোগ দেন ইঞ্জিনিয়ার আব্দুল মতিন, শাহে জামান টিটু, তানভীর শহীদ ও মাসুদ পারভেজসহ আরও অনেক স্বেচ্ছাসেবী।

জানা যায়, অস্ট্রেলিয়ার নিজস্ব ল্যাবরেটরিতে উৎপাদিত অ্যাস্ট্রাজেনেকার ভ্যাকসিনের উদ্বৃত্ত ৫০ মিলিয়ন ভ্যাকসিন বাংলাদেশে পাঠাতে ইতিমধ্যে অনলাইন স্বাক্ষর শুরু হয়েছে। এখন পর্যন্ত প্রায় সাড়ে পাঁচ হাজার স্বাক্ষর অন্তর্ভূক্ত হয়েছে। আগামী ১২ আগস্ট পর্যন্ত করা যাবে এই পিটিশন। অস্ট্রেলিয়ার নাগরিক ও বসবাসকারী যে কেউ এই স্বাক্ষর করতে পারবে এই লিংকে https://www.aph.gov.au/e-petitions/petition/EN2869/sign

*জেডএস*